


## NOTE SHEET

4/5/18

28-5-2018

Enclosed is the news clipping of 'Anandabazar Patrika' a Bengali daily, dated 27<sup>th</sup> May, 2018, the news item is captioned "অ্যাসিড খেয়ে আত্মহত্যার চেষ্টা"

Commissioner of Police, Howrah is directed to submit a detailed report about the incident within 27<sup>th</sup> June, 2018.



( Justice Girish Chandra Gupta )  
Chairperson

# অ্যাসিড খেয়ে আত্মহত্যার চেষ্টা

নিজস্ব সংবাদদাতা

ফ্ল্যাট কেনার জন্য প্রোমোটরকে টাকা দিয়েছিলেন। অভিযোগ, ফ্ল্যাট তো পাননি, এমনকি টাকাও ফেরত পাননি। বছর পাঁচেক ধরে সেই টাকা ফেরতের জন্য ঘোরাঘুরি করেন ওই প্রৌঢ়। অবশেষে টাকা চাইতে গিয়ে প্রোমোটরের সামনেই অ্যাসিড খেয়ে আত্মহত্যার চেষ্টা করে শ্যামলকুমার ঘোষ নামে ওই প্রৌঢ় আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি। ঘটনাটি শুক্রবার রাতে, হাওড়ার চ্যাটার্জিহাট থানা এলাকার ক্যারি রোডে।

পুলিশ সূত্রের খবর, পদ্মপুকুর রেল স্টেশনের কাছে বাঙালপাড়ার বাসিন্দা শ্যামলবাবু। এলাকারই প্রোমোটরকে ফ্ল্যাট কেনার জন্য প্রায় সাড়ে তিন লক্ষ টাকা দিয়েছিলেন। অভিযোগ, টাকা দিলেও ফ্ল্যাট পাননি। প্রোমোটর জানিয়েছিলেন, ফ্ল্যাটের বায়না করা টাকা ফেরত দেবেন তাঁকে। বারবার টাকা চাইলেও তা ফেরত দেননি বলে অভিযোগ।

পরিবার সূত্রের খবর, প্রায় ১৪ বছর আগে শ্যামলবাবু স্বেচ্ছায় অবসর নেন। অসুস্থতার কারণে কর্মহীন শ্যামলবাবু বোনের কাছে থাকেন। তাঁর ভাগ্নে অর্ণব দত্ত বলেন, “মামার চিকিৎসার পয়সা নেই। তাই পাওনা টাকা চাইতে বারবার যেতেন প্রোমোটরের কাছে। শুক্রবারও টাকা না পেয়ে প্রোমোটরের সামনেই অ্যাসিড খান।”

পুলিশ জানায়, শ্যামলবাবুর বন্ধুরাই তাঁর বাড়িতে ফোন করে ঘটনাটি জানান। তাঁকে আশঙ্কাজনক অবস্থায় হাওড়া জেলা হাসপাতালে ভর্তি করা হয়। পরে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পুলিশ প্রোমোটরের খোঁজ করছে।